

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং- ৩৩.০২.০০০০.১২০.০৪.০৭৩.১৬- ২৪৭/৩৬

তারিখঃ ০৮/১২/২০১৬ খ্রি.


বিষয়: Residue Monitoring Activities-2016 এর কার্যক্রমের আওতায় সংগৃহীত মৎস্য খাদ্যের নমুনায় গ্রহনযোগ্য মাত্রার অতিরিক্ত Chromium এর উপস্থিতি প্রসঙ্গে।

সূত্র-১: উপপরিচালক (অ.দা.), মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য ভবন, ঢাকা এর পত্র নং- ৩৩.০২.০০০০.৩১১.২৭.০২২.০৭- ২০৬৬, তারিখঃ ০২/১০/২০১৬ খ্রি.

সূত্র-২: জেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর এর এর পত্র নং- ৩৩.০২.৩৩০০.৪০০.৫২.০৫২.১৪-৭৭৯, তারিখঃ ২৩/১০/২০১৬, খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, মৎস্য ভবন, ঢাকা কর্তৃক কাজী এগ্রো ফার্ম লিঃ কর্তৃক উৎপাদিত 'তেলাপিয়া স্ট্যাটার' ফিস ফিড এর নমুনা সংগ্রহ করে নমুনায়ন করেন। উল্লিখিত মৎস্যখাদ্যের নমুনায় Chromium এর মাত্রা ৩৬৬.৩১ মি.গ্রা./কেজি (≈ ৩৬৬.৩১ পিপিএম) পাওয়া যায়। মৎস্যখাদ্য বিধিমালা ২০১১ এর তফসিল- ৭, গ্রুপ বি (৪) অনুযায়ী Chromium একটি ক্ষতিকর রাসায়নিক উপাদান এবং উল্লিখিত মাত্রা মৎস্যখাদ্য বিধিমালা ২০১১ এর তফসিল-৭(ক), ৭। গ্রুপ বি.(সি)(ঘ) অনুযায়ী গ্রহণযোগ্য মাত্রা ০.১০ পিপিএম এর চেয়ে অনেক বেশি পরিমাণে পাওয়া গেছে। এমতাবস্থায় কাজী এগ্রো ফার্ম লিঃ, খেয়াঘাট, ভোলা এর বিরুদ্ধে মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং মৎস্যখাদ্য বিধিমালা ২০১১ অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।



(ড. মোঃ গোলজার হোসেন)
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোনঃ ০২-৯৫৬১৫৯২

ই-মেইল- goljar_159@yahoo.com

জেলা মৎস্য কর্মকর্তা
ভোলা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল/ মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য ভবন, ঢাকা/মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, চট্টগ্রাম/ মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, খুলনা।
২. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর, ভোলা।
৩. দপ্তর নথি।


(মোহাম্মদ কামরুজ্জামান হোসাইন)
প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা
ফোন : ০২-৯৫৬৭২২০

ই-মেইল: kzaman25@fisheries.gov.bd